গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর

## উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব তানভীর আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বীরগঞ্জ, দিনাজপুর
তারিখ ও সময় : ২৮/০৭/২০২৫খ্রি., সকাল ১১:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সভাকে অনুরোধ জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্ত গৃহিত হয়।

### ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিষদের গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উক্ত কার্যবিবরণীতে কোন সদস্যের কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব পাওয়া গেল না। | গত সভার কার্যবিবরণীটি উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তে অনুমোদিত হলো। | প্রশাসক, সংশ্লিষ্ট কমিটি এবং দপ্তর প্রধানগণ। |

### ২। উপজেলা পরিষদ ভবন/ বাসাবড়ি মেরামত/ সংস্কার বিষয়ে আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| সভায় উপজেলা উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও সংস্কার এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অফিস কক্ষ মেরামত করা প্রয়োজন। এছাড়াও উপজেলা পরিষদ চত্বর কিছু কিছু স্থানে অন্ধকারাচ্ছন্ন অবস্থায় থাকার কারণে পর্যাপ্ত লাইটিং এর বিশেষ প্রয়োজন। বর্ণিত প্রকল্পের কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে বাস্তবায়ন করা যেতে পারে। প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলো: | সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়নে কমিটি অনুমোদনসহ গৃহিত ০২টি প্রকল্পের কাজ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। প্রকল্প বাস্তবায়নে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী ও প্রকল্প বাস্তবায়ন কমিটি। |

| ১। প্রকল্পের নাম: | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অফিস কক্ষ মেরামত ও উপজেলা পরিষদ চত্বরে লাইটিং করণ | প্রাক্কলিত মূল্য: ২,০০,০০০/- |
|---|---|---|
| ১. | জনাব মোছাঃ আছিয়া খাতুন, ইউপি সদস্য, ১১নং মরিচা ইউপি | প্রকল্প সভাপতি |
| ২. | জনাব মোঃ মঈন উদ্দীন, ইউপি সদস্য, ২নং পলাশবাড়ী ইউপি | সদস্য সচিব |
| ৩. | জনাব মোঃ হাসিনুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৪. | জনাব ধনঞ্জ রায়, গণ্যমাণ্য, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৫. | জনাব মো: তোফায়েল ইসলাম, শিক্ষক, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৬. | জনাব মোঃ বেলাল হোসেন, ইমাম, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৭. | জনাব মোঃ সাজেদুর রহমান, গণ্যমাণ্য, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |

| ২। প্রকল্পের নাম: | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও সংস্কার | প্রাক্কলিত মূল্য: ২,০০,০০০/- |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মঈন উদ্দীন, ইউপি সদস্য, ২নং পলাশবাড়ী ইউপি | প্রকল্প সভাপতি |
| ২. | জনাব মোছাঃ আছিয়া খাতুন, ইউপি সদস্য, ১১নং মরিচা ইউপি | সদস্য সচিব |
| ৩. | জনাব মোঃ হাসিনুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী | সদস্য |
| ৪. | জনাব মোঃ রহমত আলী, গণ্যমাণ্য, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৫. | জনাব মোঃ বেলাল হোসেন, ইমাম, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৬. | জনাব মোঃ মোস্তফা আলী, শিক্ষক, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |
| ৭. | জনাব সাজু ইসলাম, গণ্যমাণ্য, বীরগঞ্জ, দিনাজপুর | সদস্য |

### ৩। বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।



CamScanner

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভাকে জানান যে, বহিবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৪৮৫২ জন; অন্তঃ বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৬৬১ জন; জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৩১৯ জন; ৩৫টি কমিউনিটি ক্লিনিকে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ১৩৮৮৯ জন; নরমাল ডেলিভারীর সংখ্যা ৩৪ জন; নিউমোনিয়া চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ০৫ জন; ডায়রিয়া চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ৫৫ জন এবং অত্র স্বাস্থ্য কমপ্লেক্সে বেড অকুপেন্সী রেট (৫০ শয্যা) ৮১.৯৩%। UHC ঔষধ সরবরাহ সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় আরো জানান যে, বর্তমানে খরিপ-২ মৌসুম চলমান। শাকসবজি-৩৫০ হেক্টর, মরিচ-১০ হে, শসা-৭ হে. রোপাআমন লক্ষমাত্রা-২৯৫৭৮ হে. রোপন- ২৩৬৮০ হে.। খরিপ-১ মৌসুমে বিভিন্ন ফসলের কর্তন যেমন- শাক সবজি কর্তন-১২০০ হেক্টর, গড় ফলন-২১ মে.টন, মোট উৎপাদন-২৫২০০ মে. টন, আউশ হাইব্রিড-৮০ হে. ও উফশী- ১৭১২ হে. মোট আউশ আবাদ-১৭৯২ হে. আউশ হাইব্রিড কর্তন- ৮০ হেক্টর, গড় ফলন-৩.৭৫, উঃপাদান-৩০০ মে. টন, আউশ উফশী কর্তন- ১৭১২ হে. গড় ফলন- ৩.১৫ মে.টন, উৎপাদন- ৫৩৯৩, সর্বমোট উৎপাদন- ৫৬৯৩ মে.টন, মরিচ কর্তন-৫০০ গড় ফলন-১.৮ মে. টন মোট উৎপাদন-৯০ মে. টন মোট উৎপাদন-৯০ মে টন, পাঠ আবাদ মোট- ৪৬৫ হে. দেশী পাট কর্তন- ৫৫ হে. গড় ফলন- ৯.২৮ বেল/হে. মোট উৎপাদন-৫১০ বেল। তোষা পাট কর্তন- ৪১০ হে. গড় ফলন- ১২.০ বেল/হে. মোট উৎপাদন- ৫৬৩৫ বেল। ভুট্টা আবাদ- ১৪৭৬ হে. কর্তন-১৪৭৬ হে. গড় ফলন-৯.২ মে. টন, মোট উৎপাদন-১৩৫৮০ মে. টন। খরিপ- ২ মৌসুমে কৃষি প্রণোদনা রোপা আমন- ৩৫০০ জন/বিঘা+ ১৭০০ জন/বিঘা সর্বমোট= ৫২০০ জন/বিঘা। নারিকেল- ১০০টি প্রতি প্রতিষ্ঠানে ৩টি করে। তাল-৩০ জন প্রতি জন ৫টি করে, লেবু-৯০০টি প্রতি জন-৫টি করে, নিম, বেল, জাম ও কাঁঠাল- ১০০০ জন প্রতি জন-৪টি করে। আম-৫০ জন প্রতি জন-৫টি করে। মরিচ-৪০ জন, পেঁয়াজ কন্দ- ২০ জন। এয়ার ফ্লো মেশিন ৬ জন। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি- ইউরিয়া- ৩১২ মে. টন, টিএসপি-৪১ মে. টন। ডিএপি-১৮১ মে. টন। এমওপি-৮০.৩৫ মে. টন মজুদ রয়েছে। সারের কোন সংকট নেই। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো | উপজেলা কৃষি কর্মকর্তা |
| মৎস্য বিভাগ | সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায়ে আরো জানান যে, উপজেলা পরিষদ হতে ৪নং পাল্টাপুর ইউপির জয়ন্ত্রীয়া ঘাটের যাওয়ার পাকা রাস্তায় আদিবাসী চৌরাস্তায় মোড় হতে ভোগডোমা আশ্রায়ণ প্রকল্পে যাওয়ার একটি মাটির রাস্তা আছে যা এলজিইডির আইডভূক্ত গেজেটেড রাস্তা। রাস্তাটি বিবরণ নিম্নরূপ:<br>রাস্তার নাম: পাল্টাপুর ইউপি এইচ কিও হতে নিজপাড়া ইউপি সড়ক | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। এছাড়াও ভোগডোমা আশ্রয়ণ প্রকল্প এ জনসাধারণের যাতায়তারে সুবিধার্থে উপরে উল্লেখিত ২.৬০ কি:মি: রাস্তা পাকা করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মান্যবর জেলা প্রশাসক, দিনাজপুরের মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি দিনাজপুর এর | উপজেলা প্রকৌশলী |



CS CamScanner

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| | সড়কের আইডি: ১২৭১২৩০২১<br>বর্ণিত সড়কের ২৫০০ মিটার হতে ৪৪০০ মিটার চেইনেজ ১.৯ কি.মি এবং ৪৯০০-৫৬০০ মিটার চেইননেজে ০.৭ কি:মি:। মোট ২.৬০ কি:মি: রাস্তা পাকা করা হলে ভোগডোমা আশ্রয়ন প্রকল্পের সন্নিকট পর্যন্ত যাওয়ার রাস্তা সম্পূর্ণ পাকা হবে। উল্লেখ্য যে, ৪৪০০ হতে ৪৯০০ মিটার চেইনেজ এর ০.৫ কি:মি রাস্তা ইতোমধ্যে পাকা হয়েছে। | দৃষ্টি আকর্ষণ করা হোক। | |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণসহ সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরো জানান যে, রাজস্ব খাত হতে ঋণ বিতরণ সর্বমোট- ৪,৮৪,৪৮,৪০০/- টাকা। সর্বমোট আদায়যোগ্য- ৩,৭৬,১৭,২২৭/- টাকা। সর্বমোট আদায়কৃত- ৩,৬০,৭৫,৩৫১/- টাকা। আদায়ের হার- ৯৬%। পারিবারিক ভিত্তিক ভাবে সর্বমোট ঋণ বিতরণ- ৪৪,০০,০০০/- টাকা সর্বমোট আদায়যোগ্য- ৪১,২১,৬০০/- টাকা। সর্বমোট আদায়- ৪০,৬২,২২০/- টাকা। আদায়ের হার- ৯৮%। চলতি অর্থবছরে ১৪টি ব্যাচে মোট ৪২০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যোমাত্রা নির্ধারণ হয়েছে। আগষ্ট ২০২৫খ্রি. মাসে ০২টি ব্যাচের মোট ৬০ (ষাট) জনের প্রশিক্ষণ উদ্বোধন করা হবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | উপজেলা সমবায় কর্মকর্তা |
| সামাজিক বনায়ন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ণ জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বন বিভাগ |
| পল্লী বিদ্যুৎ বিভাগ | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ বীরগঞ্জ জোনাল অফিস, বীরগঞ্জ দিনাজপুর জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ডেপুটি জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী |



CamScanner

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|---|
| | | | বিদ্যুৎ সমিতি-১ বীরগঞ্জ জোনাল অফিস |
| পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বীরগঞ্জ দিনাজপুর জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| বিএমডিএ বিভাগ | সভায় সহকারী প্রকৌশলী, বিএমডিএ অনুপস্থিত। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণসহ সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার | ইন্সট্রাকটর, উপজেলা প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার জানান অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। কার্যপত্র না পাওয়ায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা গেলনা। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও পরবর্তী সভায় কার্যপত্র প্রেরণের জন্য অনুরোধ করা হলো | ইন্সট্রাকটর, প্রাইমারী এডুকেশন ট্রেনিং সেন্টার |

**৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| বর্তমান সভায় আলোচনাযোগ্য নতুন কোন সরকারি বিধি-বিধান বা নির্দেশনা পাওয়া যায়নি। | - | - |

**৫। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| ১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২৭/০৭/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে = ৭,৫৬,৯১০/২৪ টাকা এবং উন্নয়ন তহবিলে = ৭৯,০৪,২৪০/৪১ টাকা স্থিতি রয়েছে। এছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দাপ্তরিক প্রয়োজনে স্থানীয়ভাবে নিম্নলিখিত ব্যয় সম্পাদন করা হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয়সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে অনুমোদিত হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার। |

| ক্র:নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণী | টাকারপরিমাণ |
|---|---|---|
| ১ | মেঘনা কোয়াটারের ইলেকট্রিক লাইন ও পানির লাইন মেরামত বাবদ ব্যয় | ২৫,০০০/- |
| ২ | উপজেলা পরিষদের আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয় | ১,৯০,৫০০/- |
| ৩ | উপজেলা পরিষদের আসবাপত্র মেরামত বাবদ ব্যয় | ১৫,০০০/- |
| ৪ | অপ্রত্যাশিত খাতে ব্যয় | ৫৩,০০০/- |
| ৫ | ইউপি প্রশাসনিক কর্মকর্তা ও হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের কন্ট্রিবিউটরি ভবিষ্য তহবিলের চেক প্রদান বাবদ | ৪,৪৬,৮৮০/- |
| ৬ | ২০২৪-২০২৫ অর্থ বছরে রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উন্নয়ন তহবিলে জমা বাবদ | ১,২৮,৬০,০০০/- |
| ৭ | জুন/২০২৫ মাসের উপজেলা পরিষদের মেইন মিটার ও কার্যালয়ের বিদ্যুৎ বিল বাবদ ব্যয় | ৩৩,২২৯/- |
| ৮ | উপজেলা পরিষদের সাধারণ সভা ও কার্যালয়ের জুন/২০২৫ মাসের আপ্যায়ন ব্যয় | ৩০,০০০/- |
| ৯ | উপজেলা পরিষদ কার্যালয়ের জুন/২০২৫ মাসের আনুষাঙ্গিক ব্যয় | ৫,০০০/- |
| ১০ | দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োগকৃত মালির জুন/২০২৫ মাসের মজুরী প্রদান | ১৪,৩০০/- |
| ১১ | দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োগকৃত পরিচ্ছন্নকর্মীর জুন/২০২৫ মাসের মজুরী প্রদান | ১৪,৩০০/- |
| ১২ | উপজেলা পরিষদ নিরাপত্তা আনসার সদস্যের জুন/২০২৫ মাসের ভাতা প্রদান | ৮,৩০০/- |
| ১৩ | উপজেলা পরিষদের মার্চ, এপ্রিল, মে ও জুন/২০২৫ মাসের জীপগাড়ীর জ্বালানী ব্যয় | ৪৭,২৮৪/- |
| ১৪ | মে/২০২৫ মাসের ভ্রমণ বিল | ১০,৮০০/- |



CamScanner

| আলোচনা | | | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা পরিষদের মেঘনা কোয়াটারের ৩(খ) বাসা মেরামত বাবদ ব্যয় | ২৫,০০০/- | | |
| ১৬ | কম্পিউটার মেরামত বাবদ ব্যয় | ১৫,০০০/- | | |
| ১৭ | ফটোকপি মেশিন মেরামত বাবদ ব্যয় | ২৪,০০০/- | | |

৬। **নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ সম্পর্কে আলোচনা।**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| নিরাপদ খাদ্য সরবরাহ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখা এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকল্পে সংশ্লিষ্টসকলকে অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট জনপ্রতিনিধি; বণিক সমিতি; স্যানিটারী ইন্সপেক্টর |

৭। **মাদকবিরোধী সচেতনতা সৃষ্টি এবং সামাজিক আন্দোলন সম্পর্কে আলোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| মাদকের ক্ষতিকর দিকগুলো তুলে ধরে সামাজিক আন্দোলনের মাধ্যমে মাদককে নির্মূল করতে হবে। এ ব্যাপারে সরকারি, বেসরকারি, এনজিওসহ সকল জনপ্রতিনিধিগণকে মাদক বিরোধী প্রচার-প্রচারণাসহ কার্যকরী ভূমিকা পালন করতে হবে। | মাদকবিরোধী প্রচার-প্রচারণাসহ মাদক নিয়ন্ত্রণ করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | সকল জনপ্রতিনিধি, প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা কমিটি। |

৮। **বিবিধ**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নে |
|---|---|---|
| ক) সভায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদের দাপ্তরিক কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপজেলা পরিষদ কার্যলয়ের ০১টি টেবিল ক্রয় করা প্রয়োজন। | সভায় উল্লিখিত উপজেলা পরিষদ কার্যলয়ের ০১টি টেবিল ক্রয় করার সর্বসম্মত সিদ্ধান্তক্রমে অনুমোদিত হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বীরগঞ্জ, দিনাজপুর |
| খ) সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলা পরিষদ চত্বরের পুকুরটি বছরের বেশিরভাগ সময় পানি থাকে না। ফলে মাছ চাষে অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই পুকুরে পানি ভরাটের জন্য একটি পানির পাম্প স্থাপন করা বিশেষ প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্বরের পুকুর পাড়ে একটি পাম্প স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে অনুমোদিত হলো। | প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার বীরগঞ্জ, দিনাজপুর |
| গ) সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জরুরী প্রয়োজনে আর্থিক সাহায্যের জন্য নিম্নবর্ণিত ব্যক্তির নিকট হতে আবেদন পাওয়া গেছে।<br>ক্র: নং — আবেদনকারী নাম ও ঠিকানা — আবেদনের বিষয়<br>০১ — তুষার চন্দ্র রায়, পিতা- উপেন্দ্র নাথ রায়, গ্রাম- ধুলট, ডাকঘর- সনকা, বীরগঞ্জ, দিনাজপুর — বিশ্ববিদ্যালয়ে ভর্তি<br>উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের (অপ্রত্যাশিত খাত) হতে ব্যয় করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের (অপ্রত্যাশিত খাত) হতে বিশেষ জরুরী প্রয়োজনে তাৎক্ষনিক পরিস্থিতি মোকাবেলায় নিম্নবর্ণিত হারে ব্যয় করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br>১। তুষার চন্দ্র রায়<br>- ১০,০০০/- টাকা প্রদান | প্রশাসক, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.০৭.২৫

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
বীরগঞ্জ, দিনাজপুর
www.birganj.dinajpur.gov.bd

স্মারক নম্বর- ৪৬.৫৫.২৭১২.০০১.১২.০০১.২৫- ৩২ (৪০)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩২
২৮ জুলাই ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৪। জেলা প্রশাসক, দিনাজপুর।
৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর।
৭। প্রশাসক, বীরগঞ্জ পৌরসভা, দিনাজপুর।
৮। উপজেলা ........................................................... কর্মকর্তা, বীরগঞ্জ, দিনাজপুর।
৯। চেয়ারম্যান ........ নং ................................... ইউনিয়ন পরিষদ (সকল), বীরগঞ্জ, দিনাজপুর।
১০। জনাব ........................................................................... বীরগঞ্জ, দিনাজপুর।
১১। অফিস নথি।

২৮.০৭.২৫

(তানভীর আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
বীরগঞ্জ, দিনাজপুর
ফোন: ০২৫৮৯৯২৮৩৬৫
ই-মেইল: unobirganj@mopa.gov.bd



CamScanner